

(গ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রশাসন-৩ অধিশাখার ০১/০৬/২০১০ খ্রিঃ তারিখের ২৫.০১৫.০০১.০২.০০.০১৮. ২০০৯-১০৫২ নম্বর স্মারক।

প্রতিবেদন

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ একটি সেবামুখী প্রতিষ্ঠান। জনগণের সেবা প্রদানের লক্ষ্যে কর্তৃপক্ষ নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বর্তমানে উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে আধুনিক প্রযুক্তি ব্যবহারে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ সচেষ্ট। সরকারের এ অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে কর্তৃপক্ষের জনগুরুত্বপূর্ণ কার্যক্রমগুলো কম্পিউটারাইজড করা হয়েছে। তথ্য আদান প্রদানে সুবিধার জন্য কর্তৃপক্ষের সকল শাখা সমূহকে LAN (Local Area Network) এর আওতায় আনা হয়েছে। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেবার লক্ষ্যে ইতোমধ্যে নিজস্ব Dynamic ওয়েব সাইট খোলা হয়েছে এবং তাতে নিয়মিত তথ্য আপলোড এর মাধ্যমে হালনাগাদ করা হচ্ছে। জনগণের সেবা সহজীকরণের লক্ষ্যে সিটিজেন চার্টার প্রণয়ন করা হয়েছে। সিটিজেন চার্টার অনলাইনে প্রকাশ করা হয়েছে এবং তা প্রতি সপ্তাহে প্রয়োজনানুযায়ী আপডেট করে আপলোড করা হচ্ছে। কেডিএর সকল টেন্ডার ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। ই-নথি সিস্টেম চালু করা হয়েছে। কেডিএর বিভিন্ন আবাসিক, বাণিজ্যিক, বাণিজ্যিক-কাম আবাসিক ও শিল্প এলাকার বরাদ্দকৃত প্লটগুলোর বরাদ্দ সংক্রান্ত নথিসমূহের সকল কাগজপত্র Digital Archiving এর মাধ্যমে স্থায়ীভাবে সংরক্ষণ ও Software এর মাধ্যমে পরিচালনা করার জন্য Digital Archives Management Software প্রকল্প জুন ২০১৬ তে সমাপ্ত হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে জনগণ এর সুফল ভোগ করছে। কর্তৃপক্ষের তথ্যাদি সুষ্ঠুভাবে সংরক্ষণ, জনগণকে অবহিতকরণ ও দৈনন্দিন কাজে গতিশীলতা বৃদ্ধির জন্য তথ্য প্রযুক্তি ব্যবহার করে নিম্নবর্ণিত স্বল্প ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে।

স্বল্প মেয়াদী পরিকল্পনা

- ১। কর্তৃপক্ষের গুরুত্বপূর্ণ তথ্যাদি সিডি এর মাধ্যমে সংরক্ষণ করা ;
- ২। ওয়েবসাইটে বিভিন্ন তথ্য, ছবি, নোটিশ আপলোড ও আপডেট করা।

দীর্ঘমেয়াদী পরিকল্পনা

- ১। অনলাইনের মাধ্যমে এনওসি প্রদান কার্যক্রম চালু করা হয়েছে। বিভিন্ন সেবার জন্য ফরম ও ফি অনলাইনে প্রদানের সুব্যবস্থা করার কার্যক্রম শেষ করা ;
- ২। Employee information Software, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সফটওয়্যার এবং হিসাব সংক্রান্ত সফটওয়্যার এর কাজ পুরোদমে শুরু করা ; এবং
- ৩। প্ল্যান পাশের জন্য সফটওয়্যার প্রণয়ন করা।

(ড. মোহাম্মদ শাহানুর আলম)
সচিব
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।